

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
ভূঞাপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ৩৫.৩০.৯৩১৯.০০০.০০৫.০৭৪.১৭ ৩৪৪

তারিখঃ ০৯-০৬-২০১৯।

“ নিয়োগ বিজ্ঞপ্তি ”

ভূঞাপুর উপজেলাবীন ফলদা ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডের মহল্লাদারের শূণ্য পদের বিপরীতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০১৬ যা ১৩ জুলাই ২০১৭ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত সংশোধিত বাংলাদেশ গেজেটে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃংখলা ও চাকুরীর শর্তাবলী বিধিমালা ২০১৬, এর ৭(২) এর ধারা অনুযায়ী ফলদা ইউনিয়নের ০৩নং ওয়ার্ডের মহল্লাদার পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

ক্রমিক নং	পদের নাম	সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা	বেতনক্রম ও প্রচলিত ভাতাদি	মন্তব্য
১	মহল্লাদার	৩০ বৎসর তবে মুক্তিযোদ্ধা সন্তানদের বয়স ৩২ বছর পর্যন্ত শিথিল যোগ্য।	সরাসরি নিয়োগের মাধ্যমে	৮ম শ্রেণিতে উত্তীর্ণ।	স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখার ০৪.১১.২০১৮ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩২.০০৮.১৩-৩১৪ অনুযায়ী সরকারী অংশ = ৩,২৫০/- ইউপি অংশ = ৩,২৫০/- সর্বমোট = ৬,৫০০/-	

শর্তাবলীঃ

১। মহল্লাদার প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে।

২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, বর্ম, জন্ম তারিখ (বয়স ২৩-০৬-২০১৯ তারিখে), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা যদি থাকে ও বিশেষ কোঠায় প্রার্থী হলে তা উল্লেখসহ প্রার্থীকে স্বহস্তে লিখতে হবে।

৩। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি।

(খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি।

(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

(চ) যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর বরাবরে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/ পে- অর্ডার।

(ছ) মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে জেলা প্রশাসক, টাঙ্গাইল কার্যালয়, টাঙ্গাইলের ২৯-০৯-২০১৪ খ্রিঃ তারিখের ০৫.৩০.৯৩০০.০০৭.১৩.০০২.২০১৪-৬০৪(১২) নং স্মারকের পত্রের ৩ নং শর্ত অনুযায়ী জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪ তম সভার সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা সনদ পত্রের ক্ষেত্রে জাতীয় তালিকা/লাল মুক্তি বার্তার তালিকা/ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। অন্য সকল সাময়িক সনদ/ গেজেটেড মুক্তিযোদ্ধা পোষ্যদের আবেদনের সাথে এ মর্মে অঙ্গীকার করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত হতে না পারলে তার চাকুরি বাতিল হবে। উপযুক্ত সনদের কপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

(জ) অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ পত্রের সত্যায়িত কপি।

৪। প্রার্থীকে যোগ্যযোগ্যতার ঠিকানা সনাক্ত এবং অব্যবহৃত ১০.০০ টাকার ডাক টিকেটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

৫। ছবি ও সনদপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।

৬। প্রার্থীর বয়স ২৩-০৬-২০১৯ তারিখে বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানের বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৭। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে। এ ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য নয় এবং অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৮। আবেদনপত্র আগামী ২৩-০৬-২০১৯ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (সরাসরি অথবা ডাকযোগে) দাখিল করতে হবে।

৯। অসম্পূর্ণ, ভ্রষ্টপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী বিধিমালা ২০১৬, যা ১৩ জুলাই ২০১৭ তারিখে অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত সংশোধিত বাংলাদেশ গেজেটে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃংখলা ও চাকুরির শর্তাবলী বিধিমালা ২০১৬ এর ৭(২) এর ধারা অনুযায়ী প্রদত্ত শর্তাবলী এ নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১১। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।

১২। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডি এ দেয়া হবে না।

১৩। পরবর্তীতে প্রার্থীকে স্থায়ীকরণের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


(মোহাম্মদ রশিদ খান)

উপজেলা নির্বাহী অফিসার
ভূঞাপুর, টাঙ্গাইল।

ও

আহবায়ক

ইউনিয়ন পরিষদ কর্মচারী নিয়োগ কমিটি।